বেসিক ব্যাংক লিমিটেড

মহাব্যবস্থাপক, সার্কেল - ০৪,

বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়

এবং

শাখা-ব্যবস্থাপক, খাতুনগঞ্জ শাখা, বেসিক ব্যাংক লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২–জুন ৩০, ২০২৩

# বেসিক ব্যাংক লিমিটেড এর খাতুনগঞ্জ শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
**(Overview of the Performance of Khatungonj Branch, BASIC Bank Limited)**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের(৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

বিগত ৩ বছরে (জুলাই ২০১ ৮-জুন ২০২১) শাখায় শ্রেণিকৃত ঋণ হতে নগদ আদায় হয়েছে মোট ১৫০.৪০ লক্ষ টাকা। উল্লেখযোগ্য পরিমাণ কৃষি ঋণ বিতরণ করা হয়েছে। মুনাফা অর্জিত হয়েছে মোট ৩৯৬.৫৫ লক্ষ টাকা। উল্লেখযোগ্য পরিমাণ আমদানী ও রপ্তানী করা হয়েছে। এসএমই খাতে প্রধান কার্যালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ উল্লেখযোগ্য পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছে। শ্রেণিকৃত ঋণ আদায় কার্যক্রম গুরুত্বসহকারে বৃদ্ধি করা হয়েছে। এছাড়াও শাখায় উল্লেখযোগ্য পরিমাণে বিদ্যুৎ ও টেলিফোন বিল সংগ্রহ করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

ব্যাংকের বর্তমান বিভিন্ন সমস্যার কারনে শাখার বিদ্যমান এবং নতুনভাবে আগত গ্রাহকদের চাহিদা অনুযায়ী ঋণ সুবিধা প্রদান করতে না পারার কারনে ব্যাংকের প্রতি গ্রাহকগণের বিরুপ ধারনা সৃষ্টি ও অসন্তোষ বৃদ্ধি পাচ্ছে। যার ফলে কাংখিত মুনাফা অর্জন করে প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হচ্ছে না। এছাড়াও চট্টগ্রামের বৃহৎ বাণিজ্যিক এলাকা হিসেবে পরিচিত খাতুনগঞ্জের ব্যবসায় পূর্বের মত চাঙ্গা না থাকার কারনে ব্যাংকিং ব্যবসায় এর বিরুপ প্রভাব পড়ছে। এছাড়াও শ্রেণিকৃত ঋণের আধিক্য একটি প্রধান সমস্যা এবং এই শ্রেণিকৃত ঋণ আদায় করাই প্রধান চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

শাখায় মোট আমানত বৃদ্ধি, স্বল্পসুদবাহী আমানতের পরিমাণ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা সহ বাণিজ্যিক, এসএমই, কৃষি ও ক্ষুদ্র শিল্প খাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের মাধ্যমে শাখার উপার্জনশীলতা বৃদ্ধি করা। বিদ্যমান শ্রেণিকৃত ঋণ আদায় কার্যক্রম গুরুত্বসহকারে পরিচালনা করে শ্রেণিকৃত ঋণ আদায়। নতুন আমানত গ্রাহক সংগ্রহ এবং সকল গ্রাহকদের অধিকতর সন্তোষজনকভাবে সেবা প্রদান ও সেবার মান বৃদ্ধি করা। সর্বোপরি শাখার সকল কার্যক্রম অধিকতর উন্নয়ন করা সহকারে প্রধান কার্যালয় কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রাসমূহ অর্জন করা।

- **২০২২-২৩ অর্থবছরে খাতুনগঞ্জ শাখার সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**

  - এসএমই খাতে ঋণ বিতরণ ও আদায়
  - কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার নামিয়ে আনা
  - মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধিকরণ

আমি, শাখা-ব্যবস্থাপক, খাতুনগঞ্জ শাখা, বেসিক ব্যাংক লিমিটেড, ব্যাংকের সার্কেল – ০৪ এর মহাব্যবস্থাপক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সর্বাত্মক সচেষ্ট থাকব।

আমি, মহাব্যবস্থাপক, সার্কেল – ০৪, বেসিক ব্যাংক লিমিটেড এর প্রতিনিধি হিসাবে শাখা-ব্যবস্থাপক, খাতুনগঞ্জ শাখা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

**স্বাক্ষরিত:**

ব্যবস্থাপনার পক্ষে

**মোঃ আবুল কালাম আজাদ**

মহাব্যবস্থাপক

সার্কেল – ০৪

বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

শাখার পক্ষে

**ডমিনিক স্যাম্পসন**

উপ-মহাব্যবস্থাপক

শাখা-ব্যবস্থাপক, খাতুনগঞ্জ শাখা

তারিখঃ ২৩.০৬.২০২২

